দৈনিক জনকণ্ঠ

১৫৬

তারিখ 05 SEP 1996
পৃষ্ঠা ১৫ কলাম ২

# ভার্সিটি ক্যাম্পাসে সন্ত্রাসীদের দাপট চলছে ॥ একটি গ্রুপ অন্য একটিকে বের করে দিয়েছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসীদের দাপট অব্যাহত রয়েছে। মঙ্গলবার জহুরুল হক হল থেকে একটি সশস্ত্র গ্রুপ আরেকটি গ্রুপকে বের করে দিয়েছে। এদিকে সমঝোতা প্রচেষ্টা চলছে। ছাত্রদলের আহ্বানে পালিত হয়েছে ধর্মঘট। ছাত্রলীগ (শা-পা) ক্যাম্পাসের বাইরে ও ছাত্রদল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ডঃ এ কে এম নূর-উন-নবীকে ভারপ্রাপ্ত প্রক্টর হিসাবে নিয়োগ দেয়া হয়েছে।

জানা যায়, জহুরুল হক হলে ছাত্রলীগের দু'টি সাব-গ্রুপ অবস্থান করছিল। দুপুর একটায় বাবুল গ্রুপ অস্ত্রের মুখে হিরু গ্রুপকে হল ত্যাগে বাধ্য করে। গোলাগুলি বা রক্তপাত ছাড়াই হিরু গ্রুপের ৯/১০ জন ক্যাডার হল ছেড়ে চলে আসে। সূত্র জানায়, চাঁদাবাজিকে কেন্দ্র করে এই দু'গ্রুপের মধ্যে মতপার্থক্য সৃষ্টি হয়।

## ছাত্রলীগের সমাবেশ

ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, বিএনপি ও তার অঙ্গ সংগঠনগুলো নির্বাচনে পরাজয়কে মানসিকভাবে মেনে নিতে পারেনি। যে কারণে সারা দেশে সন্ত্রাস করে ক্ষোভের বহির্প্রকাশ ঘটাচ্ছে। জাতীয় প্রেসক্লাবের সামনে ছাত্রলীগ আয়োজিত এক সমাবেশে তাঁরা এ কথা বলেন।

সংগঠন সভাপতি এনামুল হক শামীমের সভাপতিত্বে এ সমাবেশে বক্তৃতা করেন মাহবুবুল হক শাকিল, মনিরুজ্জামান মনির, গাজী মেজবাহুল হোসেন সাচ্চু, অজয় কর খোকন, রফিকুল ইসলাম কোতোয়াল, বাহাদুর ব্যাপারী প্রমুখ।

এনামুল হক শামীম বলেন, সন্ত্রাসীদের কোন দল নেই। নিরপেক্ষভাবে সকল সন্ত্রাসীকে গ্রেফতার করতে ছাত্রলীগ প্রশাসনকে সর্বোচ্চ সহযোগিতা প্রদান করবে।

## ছাত্রদলের সমাবেশ

ধর্মঘটের সমর্থনেও ছাত্রদলের গ্রেফতারকৃত নেতা কর্মীদের মুক্তি দাবিতে সংগঠনের উদ্যোগে অপরাজেয় বাংলার সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সমাবেশে বক্তারা ছাত্রদলের সংজ্ঞা দিতে গিয়ে বলেন, অন্যায়ের বিরুদ্ধে নির্যাতন প্রতিরোধের সিঁড়ি বেয়ে দাবি আদায় এবং আপোষহীন সংগ্রামের নাম ছাত্রদল। তাঁরা আরও বলেন,

এ্যানি ও পিন্টুসহ অন্যান্যকে গ্রেফতার করলেও ছাত্রদল দাবি থেকে এক পা পিছনে ফিরে আসবে না।

সমাবেশে বক্তৃতা করেন ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিব-উন-নবী সোহেল, মনোয়ার হোসেন রানা, এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন প্রমুখ।

## ভারপ্রাপ্ত প্রক্টর পদে ডঃ নূর-উন-নবী

ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ এ কে এম নূর-উন-নবী ২ সেপ্টেম্বর দুপুর থেকে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর হিসাবে দায়িত্ব গ্রহণ করেছেন। এর আগে তিনি ভারপ্রাপ্ত প্রক্টর হিসাবে দায়িত্ব পালন করে আসছিলেন।